

ঢাকা মহানগরের উত্তর বাড্ডার সাতারকুল এলাকায় অভিযান চালিয়ে ৬ টি ওয়াশিং কারখানা ও ১ টি প্লাস্টিক কারখানার কার্যক্রম বন্ধ করে দিয়েছে পরিবেশ অধিদপ্তর।

পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকার মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট এর পরিচালক জনাব রুবিনা ফেরদৌসী এর নেতৃত্বে আজ ১৭/০৭/২০১৯ তারিখ ঢাকা মহানগরের, উত্তর বাড্ডা, সাতারকুল এলাকায় পরিবেশগত ছাড়পত্র বিহীন ও পরিবেশ দূষণকারী কারখানার বিরুদ্ধে এনফোর্সমেন্ট অভিযান পরিচালনা করা হয়। দীর্ঘদিন যাবৎ সাতারকুল এলাকায় বিভিন্ন ধরনের ওয়াশিং কারখানা পরিবেশগত ছাড়পত্র গ্রহণ ব্যতিরেকে ও ইটিপি নির্মাণ না কারখানার উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট অপরিশোধিত তরল বর্জ্য খালে নির্গমন করে পরিবেশ দূষণ করছে। ইতোপূর্বে পরিবেশ অধিদপ্তর এসব কারখানা কর্তৃপক্ষকে একাধিকবার পরিবেশ দূষনের দায়ে ক্ষতিপূরণ ধার্য করে সতর্ক করে এবং তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি) নির্মাণ করে দূষণ নিয়ন্ত্রণের নির্দেশ প্রদান করে। কিন্তু বার বার তাগিদ দেয়া সত্ত্বেও কারখানার কর্তৃপক্ষ ইটিপি কার্যকর না করে পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ ও পরিবেশগত ছাড়পত্র গ্রহণ ছাড়াই কারখানা পরিচালনা করতে থাকেন এবং দূষণ অব্যাহত রাখেন।

ফলশ্রুতিতে পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক ড. এ. কে. এম, রফিক আহাম্মদ এর নির্দেশনায় মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট টিম ঢাকা মহানগরের বাড্ডা সাতারকুল এলাকায় আজ অভিযান চালিয়ে (১) আশরাফ ওয়াশিং প্লান্ট, (২) প্রাইম ওয়াশিং প্লান্ট, (৩) মায়ের দোয়া ওয়াশিং প্লান্ট, (৪) স্টার ওয়াশিং (দি শাহীন ডিজাইন), (৫) সুমনের ওয়াশিং প্লান্ট, (৬) শাইনিং ওয়াশিং প্লান্ট এবং (৭) তেজো প্লাস্টিক নামক কারখানাগুলো উৎপাদন কার্যক্রম বন্ধ করা হয়। এ সময় কয়েকটি কারখানা সিলগালা করে এবং ঢাকা ইলেক্ট্রিসিটি সাপ্লাই কোম্পানি (ডেসকো) এর সহযোগিতায় তৎক্ষনাত প্রত্যেকটি কারখানার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়। পরিবেশগত ক্ষতিসাধনের জন্য কারখানাগুলোর মালিকদের আগামী ২১/০৭/২০১৯ তারিখ পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকার মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এ শুনানীর জন্য হাজির হওয়ার জন্য নির্দেশ প্রদান করা হয়।

অভিযান পরিচালনাকালে পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকার, মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর পরিচালক জনাব রুবিনা ফেরদৌসী জানান যে, পরিবেশগত ছাড়পত্রবিহীন, ইটিপি বিহীন, পরিবেশ দূষণকারী শিল্প কারখানা বিরুদ্ধে মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর অভিযান অব্যাহত থাকবে। উক্ত অভিযান পরিচালনা কালে তাঁকে সার্বিক সহযোগিতা করেন, পরিবেশ অধিদপ্তরের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মাকছুদুল ইসলাম ও জনাব আসিফ শরীফ রহমান, উপপরিচালক, ড. আব্দুল্লাহ আল মামুন, সহকারী পরিচালক, জনাব সালমান চৌধুরী শাওন, পরিদর্শক জনাব মোঃ মির্জা আসাদুল কিবরীয়া ও পরিবেশ অধিদপ্তর, ঢাকা মহানগর কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোসাদ্দেক হোসেন রাজিব। এছাড়া আইন শৃঙ্খলা রক্ষায় সহযোগিতা করে ডিএমপি'র রিজার্ভ পুলিশ ফোর্স।

তারিখঃ ঢাকা
১৭.০৭.২০১৯

স্বাক্ষরিত/-
(ড. আব্দুল্লাহ আল মামুন)
উপপরিচালক
পক্ষে-
পরিচালক (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট)
পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
মোবা-০১৭১৪৪৮৯৪৫৪